তারিখ 21 FEB 2017
পৃষ্ঠা 8 ... কলাম ...

সংবাদ

# ‘শিক্ষা ব্যবস্থায় ত্রুটির অভিযোগ তুলে বসে থাকলে চলবে না’

প্রতিনিধি, নারায়ণগঞ্জ

বরেণ্য শিক্ষাবিদ, গবেষক ও লেখক আবুল কাশেম ফজলুল হক বলেছেন, বর্তমান শিক্ষা ব্যবস্থায় ত্রুটি আছে, সেটা ধীরে ধীরে সমাধানও হবে। শিক্ষা ব্যবস্থা সম্পর্কে অভিযোগ তুলে বসে থাকলে চলবে না, এখন যে ব্যবস্থা আছে সেটা নিয়ে শিক্ষার্থীদের সামনে এগিয়ে যেতে হবে। না হলে পিছিয়ে পড়বে। দিন বদলে গেছে এটা সত্য, তাই বলে ফেসবুক-টুইটারের মতো সামাজিক যোগাযোগের মাধ্যমগুলোতে মগ্ন হয়ে গেলে বিপদ। ফেসবুকে বড় করে কিছু দেখা হয় না। কোন বিষয়ে গভীর মনোযোগ দেয়া হয় না। এই ভাসাভাসা অনুভূতি নিয়ে থাকলে আমাদের চলবে না। সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে তোমরা আত্মহারা হয়ে যাবে না। মনে রাখতে হবে তোমাদের চলার পথ তোমাদেরই সুন্দর করে নিতে হবে। গতকাল বিকেলে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আয়োজিত দেওভোগ ভুইয়ার বাগ এলাকার বিদ্যা নিকেতন হাইস্কুলের বার্ষিক মেধা পুরস্কার বিতরণ এবং আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে তিনি এসব কথা বলেন। স্কুলের পরিচালনা পরিষদের সভাপতি ও দৈনিক সংবাদের ব্যবস্থাপনা সম্পাদক কাশেম হুমায়ূনের সভাপতিত্বে আলোচনা অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন কবি আমজাদ হোসেন, নারায়ণগঞ্জ চারুকলা ইনস্টিটিউটের অধ্যক্ষ শামসুল আলম আজাদ, নারায়ণগঞ্জ সাংস্কৃতিক জোটের সাবেক সভাপতি ভবানী শংকর রায় এবং স্কুলের প্রধান শিক্ষক নারায়ণ চন্দ্র সাহা। অনুষ্ঠান পরিচালনা করেন এটিএন বাংলা ও এটিএন নিউজের নারায়ণগঞ্জ প্রতিনিধি এবং নারায়ণগঞ্জ জেলা সাংবাদিক ইউনিয়নের সভাপতি আবদুস সালাম।

আলোচনা অনুষ্ঠান শেষে শিক্ষার্থীদের মধ্যে বার্ষিক মেধা পুরস্কার প্রদান করেন আবুল কাশেম ফজলুল হক। পুরস্কার বিতরণ শেষে স্কুলের শিক্ষার্থীরা আবৃত্তি, নৃত্য এবং দেশাত্মবোধক সংগীত পরিবেশন করেন।